



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ডাকবাক্স নং-৩২৫  
ঢাকা।

ডিপোজিট ইন্স্যুরেন্স ডিপার্টমেন্ট

Website: [www.bangladesh-bank.org](http://www.bangladesh-bank.org)  
[www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

তারিখ: ১৩ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ  
২৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

ডিআইডি সার্কুলার লেটার নম্বর- ০১/২০২১

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

তথ্য অবগতিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৫ জুলাই, ২০১৩ তারিখের ডিআইডি সার্কুলার নং-০৪/২০১৩ ও ২৩ ডিসেম্বর, ২০২০ তারিখের ডিআইডি সার্কুলার লেটার নং-০১/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটার অনুসারে আমানত বীমা প্রিমিয়াম হিসাবায়নের লক্ষ্যে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে তাদের আমানত বীমা প্রিমিয়াম নির্ধারণী সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী ষান্মাষিক ভিত্তিতে নির্ধারিত ছকে অত্র বিভাগে দাখিলের নির্দেশনা রয়েছে। তবে সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, ষান্মাষিক ভিত্তিতে বিবরণী দাখিল করলেও বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ হতে প্রদত্ত গুরুত্বপূর্ণ অনুমোদন/ নির্দেশনার মাধ্যমে আপনাদের ব্যাংক এর রেগুলেটরী বিধিবিধান পরিপালনে পরিবর্তন এমনকি ব্যাংকিং এর মৌলিক পরিবর্তন ঘটলেও তা যথাসময়ে অত্রবিভাগকে অবগত না করার কারণে আমানত বীমা প্রিমিয়াম হিসাবায়ন কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ব্যাংকসমূহের যে কোন ধরনের মৌলিক পরিবর্তন (সাময়িক/স্থায়ী) যা আমানত বীমা প্রিমিয়াম হিসাবায়নের ক্ষেত্রে প্রভাব রাখতে পারে তা যথাসময়ে অত্রবিভাগকে অবহিত করার পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দিপ্তী রাণী হাজরা)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৪৩

E-mail: [dipti.hazra@bb.org.bd](mailto:dipti.hazra@bb.org.bd)